



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ৬ ডিসেম্বর ২০২০।

মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর সম্মানে কুষ্টিয়ায় নির্মাণাধীন বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের ঘটনায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়েছে। এর প্রতিবাদে অদ্য ০৬ ডিসেম্বর ২০২০ তারিখ দুপুর ২ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরিবারের পক্ষ হতে বিশ্ববিদ্যালয় সংলগ্ন বরিশাল-পটুয়াখালী মহাসড়কে মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হয়। মানববন্ধনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা অংশগ্রহণ করেন। এসময় বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মুহসিন উদ্দীন, শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন, সাধারণ সম্পাদক ড. খোরশেদ আলম ও সহকারি রেজিস্ট্রার বাহাউদ্দিন গোলাপ। বক্তারা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ভাস্কর্য ভাঙচুরের সাথে জড়িতদের অতি দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতের দাবি জানান। মানববন্ধন শেষে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে একটি বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের সামনে থেকে শুরু হয়ে বরিশাল-ভোলা মহাসড়ক হয়ে পুনরায় বিশ্ববিদ্যালয়ের সামনে এসে শেষ হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস